



ধর্মের নামে দেশে বিভাজনের অপচেষ্টা চলছে: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অভিযোগ করেছেন, দেশে একটি বিশেষ গোষ্ঠী ধর্মকে ব্যবহার করে জাতিকে বিভক্ত করার চেষ্টা করছে। তিনি বলেন, “আমরা ধর্মভীরু মানুষ; কিন্তু ধর্মের আড়ালে রাষ্ট্রকে ভাগ করার কোনো দর্শন বিএনপি মানে না।”

রোববার (৭ ডিসেম্বর) কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে ‘দেশ গড়ার পরিকল্পনা’ শীর্ষক দলীয় কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, ১৫ বছর পর দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার সুযোগ তৈরি হলেও সেই পথ এখনো বাধাবিঘ্নে পরিপূর্ণ। বিএনপির বিরুদ্ধে উদ্দেশ্যমূলক অপপ্রচার চলছে বলে দাবি করে তিনি সাইবারস্পেসে নেতা-কর্মীদের সতর্ক থাকার আহ্বান জানান। তার মতে, দেশকে সঠিক পথে এগিয়ে নিতে সক্ষম একমাত্র বিএনপিই।

তিনি আরও বলেন, আওয়ামী লীগ সরকারের দীর্ঘ মেয়াদে দেশের গুরুত্বপূর্ণ অনেক প্রতিষ্ঠান ধ্বংস হয়েছে, যা পুনর্গঠনের দায়িত্ব বিএনপিকেই নিতে হবে। তরুণ প্রজন্মের মানসিকতায় পরিবর্তন এসেছে এবং তারা সমগ্র ব্যবস্থায় নতুনত্ব চায় বলেও মন্তব্য করেন তিনি। “পুরনো কাঠামো দিয়ে নতুন বাংলাদেশ গড়া সম্ভব নয়; বিএনপিকেও আধুনিক চিন্তার ভিত্তিতে পুনর্গঠিত হতে হবে।”

খালেদা জিয়ার অসুস্থতা প্রসঙ্গে বিএনপি মহাসচিব জানান, তাঁকে উন্নত চিকিৎসা প্রদানের সব ব্যবস্থা নেওয়া হয়েছে। তারেক রহমান ব্যক্তিগতভাবে পুরো চিকিৎসা প্রক্রিয়া তদারকি করছেন এবং দেশ-বিদেশের বিশেষজ্ঞ চিকিৎসকেরা এতে যুক্ত আছেন। তিনি আশা প্রকাশ করেন অসংখ্য মানুষের প্রার্থনা অবশ্যই ফলপ্রসূ হবে।